

12654 - যে ব্যক্তি নামায পড়ে; কিন্তু রোযা রাখে না সে কি কাফের হয়ে হবে?

প্রশ্ন

রোযা বর্জনকারী কি কাফের হয়ে হবে; যতক্ষণ সে নামায আদায় করে, কিন্তু কোন অসুস্থতা বা ওজর ছাড়া রোযা রাখে না।

প্রিয় উত্তর

যে ব্যক্তি রোযার ফরযিয়তকে অস্বীকার করে রোযা রাখে না আলেমদের সর্বসম্মতিক্রমে সে ব্যক্তি কাফের। আর যে ব্যক্তি অসলতা ও অবহেলা করে রোযা রাখে না তার ব্যাপারে কিছু আলেমের অভিমত হচ্ছে সে কাফের। কিন্তু সঠিক অভিমত হচ্ছে— এমন ব্যক্তি কাফের নয়। তবে ইসলামের এই মহান রুকন ও আলেমদের সর্বসম্মত (ইজমাকুত) ফরয বিধান বর্জন করার মাধ্যমে সে মহাবিপদের দ্বারপ্রান্তে আছে। রাষ্ট্রপ্রধানের পক্ষ থেকে সে শাস্তি পাওয়ার উপযুক্ত; যে শাস্তি তাকে নিরস্ত করবে। এমন ব্যক্তির উপর ফরয হল সে যে রোযাগুলো বর্জন করেছে সেগুলোর কাযা পালন করা এবং আল্লাহ্ তাআলার কাছে তাওবা করা।

আল্লাহ্ই সর্বজ্ঞ।

[দেখুন: ফাতাওয়াল লাজনাহ (১০/১৪৩)]